# বুড়িগঙ্গা নদী হতে একইদিনে অজ্ঞাত শিশু ও নারীসহ চারজনের মরদেহ উদ্ধার



সংগৃহীত ছবি

ঢাকার কেরানীগঞ্জে বুড়িগঙ্গা নদী থেকে একদিনে চারটি লাশ উদ্ধার করেছে নৌ-পুলিশ। উদ্ধারকৃতদের মধ্যে রয়েছেন দুই নারী, এক পুরুষ ও এক শিশু। তবে এখনো তাদের পরিচয় জানা যায়নি।

শনিবার (২৩ আগস্ট) দুপুরে দক্ষিণ কেরানীগঞ্জের মীরেরবাগ এলাকায় নদী থেকে ভাসমান অবস্থায় প্রথমে এক নারীর (৩৫) লাশ উদ্ধার করে সদরঘাট নৌ-পুলিশ। কিছুক্ষণের মধ্যে একই স্থান থেকে আনুমানিক তিন বছর বয়সী এক শিশুর লাশও উদ্ধার করা হয়। এ ব্যাপারে সদরঘাট নৌ-পুলিশ থানার ওসি মো. সোহাগ রানা জানান, নিহত নারীর গলায় কালো রঙের বোরকা পেঁচানো ছিল, তার পরনে ছিল গোলাপি সালোয়ার-কামিজ। শিশুটি ওড়নায় মোড়ানো অবস্থায় উদ্ধার হয়।

অন্যদিকে একইদিন সন্ধ্যা সাড়ে সাতটার দিকে বরিশুর নৌ-পুলিশ ফাঁড়ির সদস্যরা জিনজিরা ইউনিয়নের রসুলপুর টিনের মসজিদ ঘাটের কাছ থেকে বস্তাবন্দী অবস্থায় হাত-পা বাঁধা এক নারী (৩০) ও এক পুরুষের (৩৬) লাশ উদ্ধার করে। নিহত পুরুষের পরনে ছিল কালো প্যান্ট ও ফুলশার্ট, আর নারীর গায়ে ছিল ছাই রঙের গেঞ্জি ও লাল সালোয়ার। দু'জনের শরীরে আঘাতের চিহ্ন রয়েছে বলে জানিয়েছেন ফাঁড়ির ইনচার্জ এসআই মোহাম্মদ মোক্তার হোসেন।

চারটি লাশই ময়নাতদন্তের জন্য স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে